

সিরাজদিখান উপজেলা প্রাথমিক শিক্ষা সমাপনীতে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ

সিরাজদিখান (মুন্সীগঞ্জ) এতিমিষি

মুন্সীগঞ্জের সিরাজদিখান উপজেলার পরীক্ষার্থীরা প্রাথমিক সমাপনী পরীক্ষায় ব্যাপক সাফল্য অর্জন করেছে। ২০১৪ সালের সিরাজদিখান উপজেলার শিক্ষার্থীরা প্রাথমিক সমাপনী পরীক্ষায় শতভাগ অংশগ্রহণ করে ফলাফলের ভিত্তিতে সবাই পাস করে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ উপজেলা হয়েছে। 'শিক্ষিত মা এক সুরভিত মুদ্র', প্রতিটি ঘর হবে এক একটি স্কুল' জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উপলক্ষে বুধবার জাতীয় শিক্ষা সপ্তাহ-২০১৫ উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে ঢাকার গুসমানী স্মৃতি মিলনায়তনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মন্ত্রী-মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রাথমিক সমাপনী পরীক্ষায় জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ উপজেলার নাম ঘোষণা করেন। জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ হওয়ায় সিরাজদিখান উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার বেদায়েত হোসেন বলেন, এবার আমরা জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ হয়েছি।